

সাইয়িদ হুসাইন আহমাদ মাদানি

শরিয়তের দৃষ্টিতে

দিয়-মুফিদ



শায়খুল ইসলাম সাইয়িদ হুসাইন আহমাদ মাদানির
বায়আত সম্পর্কিত গুরুত্বপূর্ণ ভাষণ

শরিয়তের দৃষ্টিতে পির-মুরিদি

নির্দেশক্রমে

শায়খুল হাদিস মাওলানা জাকারিয়া কাথ্লবি

অনুবাদ

প্রিসিপাল মাওলানা হাবীবুর রাহমান
প্রতিষ্ঠাতা, জামেয়া মাদানিয়া ইসলামিয়া কাজিরবাজার, সিলেট

১৩ কানোন্টন প্রকাশনী



প্রকাশকাল : জানুয়ারি ২০২৪

◎ : প্রকাশক

মূল্য : ৬৮০, US \$7, UK £5

প্রজন্ম : আহমদুল্লাহ ইকবার

প্রকাশক

কালান্তর প্রকাশনী

বশির কমপ্লেক্স, ২য় তলা, বাংলাবাজার
সিলেট। ০১৭১১ ৯৮ ৪৮ ২১

প্রধান বিক্রয়কেন্দ্র

ইসলামী টাওয়ার, ১ম তলা, বাংলাবাজার
চাকা। ০১৩১২ ১০ ৩৫ ৯০

বাইমেজ প্রিমিয়াম : নহলী

অনলাইন পরিবেশক : রুকমারি, প্রয়াক্ষি লাইফ

মুদ্রণ : বোঢ়ারা মিডিয়া

ISBN : 978-984-97834-3-5

Shariater Drishtite Peer-Muridi

[Sufism in the Light of Islamic Shariah]

by Syed Hussain Ahmad Madani

Published by

Kalantor Prokashoni

+88 01711 984821

kalantorprokashoni10@gmail.com

www.facebook.com/kalantordlk

www.kalantorprokashoni.com

All Rights Reserved

No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means without the prior written permission of the publisher, except in the case of brief quotations embodied in critical reviews and certain other noncommercial uses permitted by copyright law.



প্রকাশকের কথা

পৃষ্ঠিকাটি শায়খুল ইসলাম সাইয়িদ হুসাইন আহমদ মাদানি রাহ,-এর একটি গুরুত্বপূর্ণ ভাষণ। ভারতের মাদ্রাজের এক মাহফিলে ভাষণটি অভিযোগে টেপে রেকর্ড করা হয়। মুহাজিরে মাদানি শায়খুল হাদিস জাকারিয়া কান্থলবি রাহ,-এর কাছে ক্যাসেটটি সংরক্ষিত ছিল। তিনি ১৪০২ হিজরিতে মদিনায় ইন্তিকাল করেন। ইন্তিকালের মাত্র এক মাস আগে তিনি ভাষণটি অনুলিখন করিয়ে গ্রন্থাকারে প্রকাশের নির্দেশ দেন। সে অনুযায়ী তা প্রকাশ করা হয়।

ধারাবাহিকতা বজায় রেখে মাওলানা মাদানির ভাষণের হুবহু ভাষ্য অনুবাদ করা হয়েছে। তাই পাঠক সমাপ্তেও আরজ, একে সবাই ভাষণ মনে করেই পাঠ করবেন।

ভাষণটি বাংলা করেছেন বাংলাদেশের শীর্ষ আলিম মুজাহিদে মিল্লাত প্রিসিপাল মাওলানা হাবীবুর রাহমান রাহ। ভাষা ও বানান সংস্থারের কাজ করেছেন আবদুল হক, ইলিয়াস মশহুদ, মুতিউল মুরসালিন ও আলমগির হুসাইন মানিক। আমি নিজেও আদ্যোপাস্ত পড়েছি। মুফতি নোমান আহমদ ও ইলিয়াস মশহুদ কিছু টীকাসহ প্রয়োজনীয় সূত্র যুক্ত করেছেন।

পৃষ্ঠিকাটির অনুলেখক-অনুবাদক এবং পাঠক ও শুভাকাঙ্ক্ষী সবার প্রতি
রইল আমাদের অনিঃশেষ দুআ ও ভালোবাসা।

আবুল কালাম আজাদ

প্রকাশক

আগস্ট ২০, ২০২৩



অনুবাদকের আরজ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حَمْدَةٌ وَنُصُبٌ عَلَى رَسُولِهِ الْكَرِيمِ

‘শরিয়তের দৃষ্টিতে পির-মুরিদি’ বিষয়টির গুরুত্ব, বিশেষত এ ফিতনার যুগে, অপরিসীম। আধুনিক ইসলামের প্রবন্ধ একটি বিশেষ গোষ্ঠী তাসাওউফ বা পির-মুরিদিকে অস্থীকার করে থাকে। ইসলামের অধ্যাত্মসাধনার এ পথকে তারা হিন্দুদের যোগ সাধনের মতো ব্যাপার আখ্য দেওয়ার ধৃষ্টতা প্রদর্শন করে। বস্তুত এ ধারণা কেবল অজ্ঞাতপূর্ণই নয়; বরং এ এক পরিকল্পিত ষড়যন্ত্র, যার দ্বারা নিজেদের ভ্রষ্ট মতবাদকে ‘একমাত্র ইসলাম’ হিসেবে সমাজে চালু রেখে পির-মাশায়িখ এবং আঙ্কাহওয়ালাদের থেকে আধুনিক শিক্ষিত সরলপ্রাণ যুবসমাজকে তারা বিছিন্ন করে রাখতে চায়।

এর উলটো দিকে রয়েছে আরও একটি গোষ্ঠী, যারা পির-মুরিদির নামে কুসংস্কার ও বিজ্ঞানি ছড়িয়ে সমাজকে কল্পিত করে রেখেছে। এমনকি স্বার্থ হাসিলের উদ্দেশ্যে তারা একে জমজমাট এক ব্যাবসায় পরিণত করে ফেলেছে। আমাদের দুর্নীতিপরায়ণ শাসকগোষ্ঠীর প্রত্যক্ষ ও পরোক্ষ পৃষ্ঠপোষকতায় তারা তাদের ধান্দা-ব্যাবসায় দিনদিন আরও শিকড় গেড়ে বসছে, সমাজে ব্যাপকভাবে ছড়িয়ে চলেছে অনৈসলামিক চিন্তা ও কর্মকাণ্ড। পিরাকির ছান্নাবরণে তারা আঙ্কাহর জমিনে শিরক, বিদআত, বাস্তিপূজা, কবরপূজা, কবর-ব্যাবসাসহ নানা ধরনের অসামাজিক ও শরিয়তবিরোধী কার্যকলাপে লিপ্ত রয়েছে। এদের সদর্দি উপস্থিতি এবং

বিজ্ঞানির চিন্তার্কর্ষক প্রচারণায় প্রভাবিত হয়ে পড়ছে দীনের সঠিক জ্ঞান থেকে বাস্তিত ব্যবসায়ী, চাকরিজীবী, আমলাসহ অসংখ্য সরলপ্রাণ নারী-পুরুষ। বুরো না-বুরো জড়িয়ে পড়ছে এদের ভুল বিশ্বাস ও শরিয়তবিরোধী জগন্য সব কাজে। এভাবে প্রতিনিয়ত দীন ও ইমানহারা হতে চলেছে মিলাতের এক বিরাটি অংশ।

শায়খুল ইসলাম মাদানি রাহ, তাঁর এই অমূল্য অভিভাষণে কুরআন-হাদিস ও যুক্তি-প্রমাণের আলোকে অত্যন্ত স্পষ্টভাবে ‘শরিয়তের দৃষ্টিতে পির-মুরাদ’ বিষয়টি তুলে ধরেছেন। যেহেতু তিনি কেবল উপমহাদেশেই নয়; বরং পবিত্র মঙ্গা-মদিনাসহ সমগ্র মুসলিমবিশ্বে যুগান্বিত একজন খোদাতীরু আলিম, ওলিকুল সন্তুষ্টি, মুহাদিসদের শিরোমণি, কৃতবুল আলম, শায়খুল আরব ওয়াল আজম হিসেবে স্বীকৃত ব্যক্তিত্ব ছিলেন, তাই আলোচ্য বিষয়ে মৌলিক রচনার সাধ-সাধ্য থাকলেও তার চেয়ে এমন ব্যক্তিত্বের ভাষণকেই বাংলায় অনুবাদ করে প্রিয় দীনি ভাই-বোনদের খিদমতে পেশ করাকে অগ্রাধিকার দিছি, যাঁর রয়েছে প্রবাদতুল্য ইলম ও হিলম (প্রজ্ঞা), রয়েছে শরিয়া ও দুনিয়ার ব্যাপারে যথেষ্ট অবগতি। মূলত হজরত মাদানি রাহ-এর বুহানি ফয়েজ ও দুআ লাভ এবং অঙ্গ ও সরলপ্রাণ মুসলিমদের সত্ত্বের সন্ধান দেওয়াই আমার প্রথম ও প্রথম উদ্দেশ্য। আল্লাহ তাআলা অধিমের কাজটিকে দীন ও উশ্মাহর জন্য কবুল করুন। আমিন।

মুহাম্মদ হাবীবুর রাহমান

অক্টোবর ১৪, ১৯৯০





সূচিপত্র

ঝাঁর সিরাতের সৌরভ আজও ছড়ায় স্বর্গীয় মেহেক # ১১

এক	: একটি বৃক্ষের বৃত্তান্ত	১১
দুই	: বৃক্ষটির বেড়ে ওঠা এবং সময়ের ছায়ালাভ	১২
তিনি	: বৃক্ষটির ছায়া ও মাঝারি কিছু অন্তর্ভুক্তি	১৪
চার	: সময়ের বাড়োপটায় বৃক্ষটির ভূমিকা	১৬
পাঁচ	: বৃক্ষ ও তার শাখা-প্রশাখা	১৭
ছয়	: চির সিজদায় নুয়ে পড়লেন যখন	১৮

* * * প্রথম অধ্যায় * * *

শরিয়তের দৃষ্টিতে পির-মুরিদি # ১৯

এক	: বায়আতের পরিচয় ও শরয়ি প্রমাণ	১৯
দুই	: সত্যিকার পিরের পরিচয়	২৭

* * * দ্বিতীয় অধ্যায় * * *

তাসাওউফ-চৰ্চার প্রমাণ, গুরুত্ব ও নবিযুগে এর স্বরূপ # ৩১

এক	: তাসাওউফের প্রমাণ	৩১
দুই	: তাসাওউফের গুরুত্ব	৩৭
তিনি	: নবিযুগে তাসাওউফের স্বরূপ	৩৮

❖❖❖ তৃতীয় অধ্যায় ❖❖❖

তাসাওউফের উদ্দেশ্য # ৪০

এক	: আপনি ও জবাব	৪০
দুই	: শরিয়তবিরোধী পদ্ধতি অবলম্বন নিষিদ্ধ	৪৫
তিনি	: নবিজির হিজরতের সফর	৪৬

❖❖❖ চতুর্থ অধ্যায় ❖❖❖

মুরশিদের গুণাবলি ও বায়আতের নিয়ম

উপকার ও আনুগত্যের শর্ত # ৪৭

এক	: মুরশিদকে হতে হবে অভিজ্ঞতাসম্পন্ন	৪৭
দুই	: বায়আতের উপকারিতা	৪৭
তিনি	: বায়আত করার নিয়ম	৫২
চার	: আনুগত্যের শর্ত	৫৬
পাঁচ	: আল্লাহর জিকিরের গুরুত্ব	৬১





শায়খুল ইসলাম হজরত মাদানি রাহ,

ঁার সিরাতের সৌরভ আজও ছড়ায় স্বর্গীয় মেহেক

এক. একটি বৃক্ষের বৃত্তান্ত

হামদ ও সালাতের পর, মদিনা শরিফে অধ্যাপক জলিল আহমদ সাহেব শায়খুল ইসলাম মাদানি রাহ,-এর একটি উর্দু ভাষণ ইংরেজিতে অনুবাদ করছিলেন। হঠাৎ তিনি জুরে আক্রান্ত হয়ে পড়েন এবং তাঁকে কাজ বন্ধ করে দিতে হয়। এ অবস্থায় স্বপ্নে শায়খুল ইসলামের সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়। হজরত তাঁকে কী একটা শরবত পান করতে দিয়ে বলেন, ‘আপনার অনুবাদের সঙ্গে সুফি ইকবালের কাছ থেকে জীবনের এক পৃষ্ঠা সংগ্রহ করে যোগ করে নিন।’ আল্লাহর ফজলে অধ্যাপক সাহেব সৌন্দর্য সুস্থ হয়ে উঠেন। তিনি আমাকে জীবনের এক পৃষ্ঠা লিখে দিতে বলেন। এর আগে যখন এ বয়ানের আরবি অনুবাদ হচ্ছিল, তখনো হজরতের জীবনের কিছু অংশ লেখার ইচ্ছা ছিল। ফলে নুজহাতুল খাওয়াতির থেকে কিছু তথ্য সংগ্রহ করে রেখেছিলাম। তবে তা ছিল কয়েক পৃষ্ঠায়; কিন্তু ইংরেজি অনুবাদে মাত্র এক পৃষ্ঠা জুড়ে দেওয়ার নির্দেশ ছিল। যেহেতু ইংরেজি ও উর্দুভাষীদের জন্য বিস্তারিত লেখার প্রয়োজন ছিল না, কেবল অবগতির জন্য আল্লাহর ওলিদের কিছু বাণী ও কতিপয় ঘটনার প্রতি ইঙ্গিতই যথেষ্ট—তাই এখানে খুব সংক্ষেপে শায়খুল ইসলামের জীবনের সামান্য একটু ঝালকানি তুলে ধরার চেষ্টা করব।